We have," says the *Invalide*, speaking on behalf of the Russians people, "so to say, been gathering capital to be spent when opportunity arises." To put it somewhat differently, Russia has been expending capital that she may make use of the opportunity when it arrives, at a prodigious rate. Till the end of 1878, the Military Budget will remain stationary at 179,000,000 roubles, while last year alone the peace footing of the army is computed to have been increased by 50,000 men. The troops reinforced are for the most part the Cavalry and the Horse Artillery. These are to be maintained permanently on a war footing, and will be stationed along railway lines on the Western Provinces of the Empire ready for immediate action, The Cossacks of the Don, who at the time of the Crimean war were found nearly useless because they were undisciplined, and the regiments formed of them, were only enrolled a little while and then disbanded, are now permanently organised, and in the event of war will furnish sixty-two regiments and twenty-two horse batteries, while in peace their contingent will not be permitted to sink below twenty-one regiments and eight horse batteries. Steps are also being taken to improve the education of the officers, which has hitherto been very defective. "With,' says the *Invalide*, the increasing number of officers, their quality is steadily improving, But a very short time ago the great mass of Russian officers were, so to say, absolutely without education. Since the establishment of cadet schools matters have mended, and with the increase of these schools continue to mend. Last year we had 4,500 pupils in these schools, supported by Government; but as there were many volunteers, it has been found necessary to prepare for the reception of 5,000 pupils. This figure will give us from 2,500 to 3,000 officers a year." The reequipment of the Artillery, begun in 1869, has been fully carried out. The whole of the infantry on the war footing is armed with breach-loaders, and the rearmament of the fortresses is nearly complete. A new and better breech-loader is being introduced. Coming to actual numbers, we find that there are now 775,000 men in the Russian Army on its peace footing, and that the law of conscription, which is now in force, will have the effect of adding from 150,000 to 180,000 a year to the total. By way of reminder that this immense force and at so severe cost is not maintained for nothing, even in the present pacific period of Russian policy, the correspondent of the *Times* mentions that the Russian Empire has been enlarged in the reign of Alexander II. by 35,347 square miles. "That is an area more than three times as large as Germany, and nearly six times as large as the United Kingdom of Great Britain and Ireland.

In addition to this, we must bear in mind that the Czar has ninety millions of subjects, and that the old spirit of Muscovite aggression is gaining ground every day.

Lord Lytton is giving some proof to the English public of the extraordinary capacity for severe and continuous work which he possesses:—

On Tuesday afternoon he went to Osborne to visit Her Majesty, returning late the next day, and despatching, doubtless, if it could be known, a mass of correspondence before he retired to rest. His days are unintermittently occupied with interviews and appointments at his hotel—Buckland's, in Brook-street at the India Office, and elsewhere. The ease which he displays in mastering complicated details is surprising, and the Indian officials of Whitehall, who know what India is, and what a Viceroy of India should be, have one and all expressed themselves very strongly in approbation of Mr. Disraeli's choice.

We notice that Casella, the instrument-maker, has introduced a "true north" compass, the invention of Mr. Symons.

The card is so marked, that it is possible to read the direction of the needle in the faintest light. As its name implies, the needle points to the true north, and not to the magnetic north, and although the compass must, in course of time, become useless, for the next thirty years it will be practically correct.

A marine engineer at Pola, in Austria, has constructed a gun on a new principle, by which the resistance of the atmosphere, instead of impending the shot, is applied to increase the rapidity of its course.

The new gun has been tested in one of the largest gun factories on the Continent, and is said to have produced as- upwards of 2000 feet, and was found to have increased after the shot had left the barrel. The accuracy of its fire was also remarkable, and is stated to have surpassed that of most rifled guns.

The projectile is made ot a combination of steel and lead.

It seems that the special correspondents of the *Graphic* and *Illustrated News* as well as Reuter's agent, are allowed to accompany the Prince's camp. A correspondent of the *Pioneer* gives the following particulars regarding the camp—

"It consists of about sixty tents; forty gentlemen (thirty belonging to the Prince's mess, and ten guests of Sir Henry Ramsay); seventy men (and the band) of the 3rd Goorkhas, under Captain Gregory; 25 sowars of the 11th Bengal Lancers, under Major Prinsep; 120 elephants, 200 camels, and perhaps a thousand servants, coolies, and hangers-on of sorts. We are not a small party, as you see; and yet every effort has been made to keep it down. The Prince alone has a relay of tents; everybody else one only. In enumerating our motley composition, I have omitted one of the most important constituents of all—the commissariat. I do not mean the Government department of that name, but Mr. Kellner's establishment, which is a small regiment and a large magazine in itself. Sir Henry Ramsay has a commissariat establishment (and an eminently effective one) of his own."

A Correspondent at Agra writes to the *Railway Service Gazette* the following account of a narrow escape of the Prince of Wales, of which we have heard nothing previously:—

"The Prince narrowly escaped being thrown down a dangerous khud on his journey to Gwalior. The carriage was drawn by four Artillery horses, the leaders shied at something and swerved, and were dragging the carriage to the edge of the khud, and in a few minutes more horses, carriage, and riders would have been rolled over. The Artilleryman who rode one of the shaft horses, with great presence of mind, dug his spurs into his horse's side, and, by sheer strength of arm, turned the horse's head in the right direction; the impetus was so great, that the two fractions leaders were literally dragged away from the direction of the khud, and the hind wheels of the carriage just shaved the edge of it, and the inmates were saved. I understand that His Highness is fully aware of the danger he escaped, and he has shown his gratitude to the Artilleryman by a present, and there can be no doubt that the Commander-in-Chief will also, in some way or other, reward the man for his courage and cool presence of mind."

The following order has been passed by the Government of India:

"The Governor-General in Council is pleased to rule that unless in any case it may be specially ordered otherwise, a personal allowance to a public servant shall be diminished by any amount by which his salary may be increased, and shall cease when his salary is increased by an amount equal to his personal allowance."

THE RESIGNATION OF LORD NORTHBROOK.

TO THE EDITOR OF THE ENGLISHMAN,

Sir,—I send you an extract from a late issue of the London *Tablet* on the above subject, which seems interesting for many reasons. This paper, so far as it is not a semi-religious organ, is a strong Conservative in English politics. It could hardly fail to be so. All the wealthy and socially very influential Catholic peers, from the Duke of Norfolk to the lately-created Lord Gerard, whose tone it seeks to represent, are strongly Conservative. Few have better opportunities of knowing the arcana of politics, and it is probable that they are wordly-wise enough to occasionally give valuable information to their recognized newspaper organ. With this introduction, permit me to quote the passage in full. It occurs in a leading article, styled the "Pause in Politics," and runs thus:

"The resignation of Lord Northbrook and the appointment of Lord Lytton in his place, as Governor-General of India, is not in itself a very big event, but if looked at more closely it will be found to be fully worth the examination. No one will wish for a moment to deny Lord Northbrook the credit due to his great personal exertions during the famine. It was an important matter to have occurred under any Vice-royalty, and the expenditure upon this disaster, reported *to come nearer to ten millions sterling than to five* is another matter which will have its influence on India finances long after Lord Northbrook has retired from the scene of his Eastern policy. It is, in addition, widely rumoured that the waste attending, though not necessarily attending, this expenditure was something marvellous, that fortunes have been made rivalling the gains of Yankee Shoddymen, and that all that is wanting is an investigation to bring out facts such as might be expected to make even the Imperial Parliament more attentive to Indian affairs. Doubtless a man, in the position of Lord Northbrook or Lord Lytton, can do little during four years or during two, to mend the management of Indian finances. Just as was said of the temporary rule of Irish Lord Lieutenants, it is a matter of course that, no matter who is the Governor-General it is "the Robinsons and the Jenkinsons" who govern India. There are local cliques in each of the Presidencies, and old Indians will tell you exactly who it is that will be able to get you this, and who is certain to keep that for somebody else. We know what Ireland was under "the Robinsons and the Jenkinsons" nor is their reign by any means ended now. India is a vastly greater, a vastly more distant, and vastly less known Ireland, and so the Indian "Robinsons and Jenkinsons" have a glorious time of it. After all, if substantial wants be scarce, there is plenty, to be considered and executed, if people are only willing to prefer the useful to the *melodramatic*."

The guarded manner of expression at the beginning gives much more force to the whole. The writer does not wish to make the statement fully, although his informant probably told him that the Home Government is quite aware that the only event in the Viceroy's reign, which the *Times* found itself able to praise, was a far more unfortunate business than anything at Baroda or Hydrabad. Every one must regret the position Lord Northbrook has been placed in, unable to defend himself, and forced to bear the punishment of others' sins.

Few Englishmen, who will take the trouble to appreciate duly the transport arrangements of the famine, will find fault with the hit at the "planters who pocketed the loot." The allusion to the Indian cliques is unfair, though, probably, unintentionally so. The gentlemen who may be described as the Bengal clique were certainly not faminists, although they must now share the blame of as[illegible] in cloaking the events of 1874.

Printed and published by C. N. Roy, No. 2,

ইতিহাস।

তৃতীয় শ্রেণী।

রেবতী মোহন গুহ	ঢাকা কলেজ

অঙ্ক।

দ্বিতীয় শ্রেণী।

নন্দকৃষ্ণ বসু	প্রেসীডেন্সী কালেজ
নীলকণ্ঠ সরকার	ঐ

পদার্থ বিদ্যা।

দ্বিতীয় শ্রেণী।

সতীশ চন্দ্র রায়	প্রেসীডেন্সী কালেজ
হরিদাস চট্টপাধ্যায়	ঐ

তৃতীয় শ্রেণী।

অভয়া চরণ মিত্র	প্রেসীডেন্সী কালেজ
রাজ কৃষ্ণ বন্দোপাধ্যায়	ঐ

নিম্নোক্ত ছাত্রেরা এম এ পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন।

বিপীন বিহারি দাস	প্রেসীডেন্সী কালেজ
সুরেন্দ্র লাল মতিলাল,	ফ্রিচাচ ইনেষ্টিটিউশন
গুরু চন্দ্র মিত্র	প্রেসীডেন্সী কালেজ
মুন্সিলাল	দিল্লি কালেজ
কেদার নাথ রায়	ঢাকা কালেজ
কালি কুমার সেন	প্রেসিডেন্সী কালেজ
শ্রীরাম	ক্যানিং কালেজ

বিজ্ঞাপন

আরব্য উপন্যাস।

প্রতিমূর্ত্তি সহিত আরব্যোপন্যাস অর্থাৎ পারস্যাধিপতির একাধিক সহস্র রজনীর উপন্যাস শ্রবণ নামক পুস্তক খানি অতি বৃহদাকারে এক খণ্ডে সম্পূর্ণ হইল। যাঁহার প্রয়োজন হইবে তিনি নিম্ন লিখিত স্থানে মুল্য সহ পত্র প্রেরণ করিলেই পাইতে পারিবেন। মূল্য ২॥০। ভাল বান্ধাই ৩ টাকা এবং ডাক মাশুল ॥০ আনা।

জেনারল লাইব্রেরি
১১৫ নং চিতপুর রোড
কলিকাতা
} শ্রীবেণী মাধব ভট্টাচার্য্য

হাইকোর্টের বিজ্ঞাপন।

সরিফ সেল।

এতদ্দ্বারা সর্ব্ব সাধারণ জন গণকে সমাচার দেওয়া যাইতেছে যে সন ১৮৭৫ এক হাজার আট শত পচাত্তর সালের ৫৬৩ নম্বরের যে মকদ্দমায় নিলমণি মল্লিক বাদী এবং কৃষ্ণ লাল ধর মারচ্যাণ্ট প্রতিবাদী এবং যে মকদ্দমায় ১৩৭০৷৶ এক হাজার তিন শত টাকা নয় আনা এবং ইহা ব্যতীত ট্যাক্স খরচা ২২৪৷৶ দুই শত চব্বিশ টাকা সাত আনা ও সেরিফের ফী ও পোণ্ড পরিবর্ত্তনের খরচ ইত্যাদি আছে।

এই মোকদ্দমার বিষয়ে সুব বাঙ্গলার অন্তর্গত ফোর্টউইলিয়ম দুর্গের অধীনস্থ হাইকোর্ট নামক প্রধানতম বিচারালয়ের অর্ডিনারি ওরিজিমেল মিডিল জুরিসডিক্সন নামক আদিম দেওয়ানী বিভাগ হইতে সন ১৮৭৬ সালের বিগত ১২ জানওয়ারী তারিখে যে ডিক্রী আপত্তি চূড়ান্ত অনুমতি প্রদত্ত হইয়াছে সেই অনুমতির ক্ষমতানুসারে মহানগর কলিকাতার সেরিফ মহাশয় আগামী ২রা মার্চ্চ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় নিম্ন লিখিত সম্পত্তি হাইকোর্ট নামক ভবনে তাঁহার কার্য্যালয়ে পবলিক সেলে অর্থাৎ প্রকাশ্য নীলামের দ্বারা বিক্রয় করিবেন।

সহর কলিকাতার অন্তপাতি ওয়েলিংটন ষ্ট্রিটস্থিত ১৪ নম্বরের দোতালা গৃহ সমুদয়ে উপরোক্ত কৃষ্ণলাল ধরের সে স্বত্ব, সম্পর্ক ও লাভ আছে।

বিক্রয়ের নিয়ম ন্যান্য বিবরণ সেরিফের দপ্তর খানায় দরখাস্ত করিলে সবিশেষ অবগত হইতে পারিবেন।

J. B. Bullen Smith
Sheriff
জে, আর, বুলেন-স্মিথ।
সেরিফ।

কলিকাতা,
২৭এ জানওয়ারী,
১৮৭৬।

গবর্ণমেণ্ট আদেশ।

আসিস্টাণ্ট মাজিষ্ট্রেট ব্রেট সাহেব পাবনা জেলার অন্তর্গত সিরাজগঞ্জ মহকুমার ভার প্রাপ্ত হইলেন।

লর্ড ইউলিক ব্রাউন রাজসাহী বিভাগের কমিশনার পদে নিযুক্ত হইলেন।

বকলাণ্ড সাহেব প্রেসিডেন্সি বিভাগের কমিশনার পদে নিযুক্ত হইলেন।

হরেস ককরেল সাহেব বর্দ্ধমান বিভাগের কমিশনার পদে নিযুক্ত হইলেন।

পিকক সাহেব ঢাকার কমিশনারের পদে নিযুক্ত হইলেন।

ডিপুটি মাজিষ্ট্রেট মৌলবী আবদুল করিম ঢাকা হইতে ফরিদপুরে বদলি হইলেন।

ডিপুটি মাজিষ্ট্রেট বাবু মোহিনী মোহন চক্রবর্ত্তী ফরিদপুর হইতে ত্রিপুরায় বদলি হইলেন।

ডিঃ মাঃ মৌলবী মাহামুদ ঢাকা হইতে ফরিদপুর বদলি হইলেন।

ডিঃ মাঃ বাবু যদুনাথ চৌধুরী বাখরগঞ্জ হইতে ঢাকায় বদলি হইলেন।

ডিঃ মাঃ রেলি সাহেব কুচবেহার রাজার জমিদারির ম্যানেজর পদে নিযুক্ত হইলেন।

ডিঃ মাঃ হামটন সাহেব মুঙ্গের জেলার জামুয়া মহকুমার ভার প্রাপ্ত হইলেন।

আসিস্টাণ্ট মাজিষ্ট্রেট মিলার সাহেব সাহাবাদে বদলি হইলেন।

বারিষ্টার কেলবি সাহেব লিগালরিমেম্ব্রন্সার পদে নিযুক্ত হইলেন।

সেক্রেটরি রেনলড সাহেব এক মাসের বিদায় গ্রহণ করিলেন।

টটনহম সাহেব মেদিনীপুরের জজের পদে নিযুক্ত হইলেন।

বাবু রাম শঙ্কর সেন বাঙ্গলার লেজিসেলেটিব কাউন্সেলের সভ্য হইলেন।

মৌলবী মীর মাহামুদ আলি বাঙ্গলার লেজিসেলিটিব কাউন্সেলের সভ্য হইলেন।

ডিষ্ট্রিক্ট সুপারিণ্টেণ্ডেণ্ট জেমস সাহেব চট্টগ্রামের পর্ব্বত মহলে নিযুক্ত হইলেন।

বারটলসেন সাহেব দ্বিতীয় আজ্ঞা পর্য্যন্ত নওয়াখালিতে পোলিস সুপারিণ্টেণ্ডেণ্ট পদে নিযুক্ত হইলেন।

উড্র সাহেব শিক্ষা বিভাগের ডাইরেক্টর পদে নিযুক্ত হইলেন।

থোয়েট সাহেবের প্রথম শ্রেণীতে পদোন্নতি হইলেন। লং সাহেবের দ্বিতীয় এবং গ্যারেট সাহেবের তৃতীয় শ্রেণীতে পদ উন্নতি হইল।

প্রেসিডেন্সি কালেজের প্রফেসর প্যারি সাহেব তৃতীয় শ্রেণীতে উন্নত হইলেন।

ডাক্তার লরি মেডিকেল কালেজের ফিসিওলজির প্রফেসর হইলেন।

বাবু ভূদেব মুখোপাধ্যায় পুর্ব্ব বিভাগের ইনেস্পেক্টর হইলেন।

ডাক্তার গেয়ার মেডিকাল কলেজের সরজরির প্রোফেসর এবং হসপিতালের প্রথম সরজন পদে নিযুক্ত হইলেন।

লক্ষ্মীপুরের ইনেস্পেক্টর বাবু গুরু প্রসাদ দাস কিছু দিনের নিমত্ত লক্ষ্মীপুরের পোলিস সুপারিণ্টেণ্ডেণ্টের ভার প্রাপ্ত হইলেন।

বাবু ব্রজেন্দ্র কুমার শীল কিছু দিনের নিমিত্ত মোদনীপুরের দ্বিতীয় সবরডিনেট ও স্মল কজ কোর্টের জজের পদে নিযুক্ত হইলেন।

সংবাদ।

—মরিচ সাহেব নামক এক জন ইঞ্জিনিয়ার একটী বীরত্বের কার্য্য করিয়া বিশেষ খ্যাতি লাভ করিয়াছেন। গত শনিবারে এক খানি জাহাজ হইতে একটী বালক জলে পতিত হয়। স্রোতে তাহাকে ভাসাইয়া লইয়া যায়। মরিচ সাহেব নিমিষ মধ্যে জলে ঝম্প প্রদান করেন এবং বালকটীকে জীবিত অবস্থায় জাহাজে উত্তোলন করেন। এ রূপ সমুদায় কার্য্য যাহারা করেন তাহারা প্রকৃত দেবানুগৃহীত ব্যক্তি।

—ক্যাম্বেল মেডিকাল কালেজের রজনী কান্ত নামক একটী ছাত্র আত্ম হত্যা করিয়াছে। বালকটী তাহার খুড়ার নিকট কয়েক খানি পুস্তক খরিদ করিবার নিমিত্ত টাকা চাহে। খুড়া ইহাতে কিঞ্চিৎ বিরক্তি প্রকাশ করেন। এই নিমিত্ত সে মনে এ রূপ বেদনা পায় যে বিষ পান দ্বারা জীবন নষ্ট করে। সে এক খানি পত্র লিখিয়া যায়। তাহাতে লেখা থাকে যে, সে স্বয়ং আপনার জীবন নষ্ট করিয়াছে, অতএব পুলিসে যেন ইহা লইয়া গোলমাল না করে। কিন্তু পুলিশ দস্তুর মত লাস চালান দেয় এবং করোনারের নিকট মৃত্যুর অনুসন্ধান হয়।

—যে সপ্তাহ গত ১২ই ফেব্রুয়ারী শেষ হয় সেই সপ্তাহে কলিকাতায় ২৮০ জন লোকের মৃত্যু হয়, অর্থাৎ তৎ পূর্ব্ব সপ্তাহ হইতে ৬৯ জন লোকের বেশী মৃত্যু হয়। ইহাদিগের এক জন বসন্ত রোগে, ৩৪ জন ওলাউঠায়, ৪১ জন আমাসায় এবং ৯৭ জন জ্বর রোগে প্রাণ ত্যাগ করিয়াছে। মৃত ব্যক্তিদের মধ্যে তিন জন ইউরোপীয়, ৯ জন ইষ্ট ইণ্ডিয়ান, এক জন নেটিব খৃষ্টান, ১৯৪ জন হিন্দু ও ৭৩ জন মুসলমান।

—চিলিতে কিছু দিন হইল একটী মেলা হইয়া গিয়াছে। ইহাতে এক জন স্ত্রীলোক একটি নূতন পদার্থ প্রদর্শন করেন। মনুষ্যের চুল দ্বারা তিনি একটী অপূর্ব্ব টুপি প্রস্তুত করেন। তাহার দুটী কন্যার মস্তক হইতে তিনি চুল গ্রহণ করেন।

—চিনেরা এক রূপ উত্তম বার্ণিস প্রস্তুত করে। উহা কোন জিনিসের উপর লেপন করিলে বৃষ্টি ও বায়ুতে জিনিস নষ্টহইতে পারে না। বার্ণিস এই রূপে প্রস্তুত হয়। চারি ভাগ তাজা রক্ত ঐ পরিমাণ উত্তম গুড়া চুনের সহিত বিশেষ সতর্কের সহিত মিশ্রিত করিতে হইবে এবং তৎপর উহাতে কিঞ্চিৎ ফটকরী দিতে হইবে। এই রূপে যে বার্ণিস হইবে উহা তিন কি চারি বার জিনিসের উপর লেপন করিলে প্রায় টীনের ন্যায় শক্ত হইবে।

—শুনা যাইতেছে যে, বোম্বাইয়ের দাস ভাই ফ্রামজি এবং নানা মোরোজি সি, এস, আই উপাধি প্রাপ্ত হইবেন। বাঙ্গলায় কেবল বাবু দিগম্বর মিত্র এই উপাধি প্রাপ্ত হন।

—টাইমস অব ইণ্ডিয়া বলেন যে, লর্ড নর্থব্রুকের নূতন উপাধি 'আল বেরিং' নামে অভিহিত হইবে। লর্ড নর্থব্রুক বেরিং বংশোদ্ভুত, এই নিমিত্ত তিনি ইচ্ছা করিয়া বেরিং শব্দটী রাখিয়াছেন। লর্ড নর্থব্রুক ৫ই এপ্রেলে কলিকাতা হইতে টেনাসারিম জাহাজে বিলাত যাত্রা করিবেন।

—প্রাণী বাটিকাটি (জুওলজিকাল গার্ডেন) কবে খোলা হইবে ইহা জানিবার নিমিত্ত অনেকে উৎসুক হইয়াছেন। আমরা শুনিলাম যাবৎ বাটিকার প্রবেশিকা সিংদরজা সমাপ্ত না হইবে তাবৎ উহা সাধারণের নিমিত্ত খোলা হইবে না। তবে মেম্বরগণ তাহাদের সন্তান সন্ততি লইয়া এখন গার্ডেনটি দেখিতে পারেন

—মান্দ্রাজের গবর্ণর ডিউক অব বাকিংহাম কলিকাতায় আসিয়াছেন। ইহার সম্মানার্থে ১৭টি তোপ পড়ে।

—বোম্বাইয়ে দুই জন স্ত্রীলোকে মল্ল যুদ্ধ করে। ইহাদের যুদ্ধ দেখিবার নিমিত্ত বিস্তর লোক উপস্থিত হয়। ক্রমে ইহাদের যুদ্ধ ভয়ানক আকার ধারণ করে। এমন কি এক জনের প্রায় প্রাণ লইয়া টানা টানি হয়। অবশেষে পুলিশ আসিয়া যুদ্ধ ক্ষান্ত করে। ইহাদের যুদ্ধ দেখিয়া অনেক পালওয়ান পুরুষ অবাক হইয়া ছিল।

—ইংলিশম্যান বলেন যে, আমাদের নূতন গবর্ণর লর্ড লিটন আগামী ১০ই কি ১৩ই এপ্রেলের পুর্ব্বে কলিকাতায় পেঁছিতেছেন না।

—ভাওলের রাজা কালী নারায়ণ রায় বাহাদুরকে দেওয়ানী আদালতে হাজির হওয়া হইতে অব্যাহতি দেওয়া হইয়াছে।

—আমরা দিল্লি গেজেট হইতে নিম্নস্থ সম্বাদটি গ্রহণ করিলাম। কোন এক জন দেশীয় স্বাধীন রাজার সঙ্গে এক জন পলিটিকেল এজেন্টের সৌহৃদাতা হয়। তিনি মধ্যে২ রাজার নিকট যত ইচ্ছা টাকা কর্জ্জ লইতেন। পরে পলিটিকেল এজেন্ট বিদায় লইয়া ইংলণ্ডে যাত্রা করার উদ্যোগ করিলে রাজা তাঁহার নিকট টাকা চাহিলেন। তিনি তাহার কোন উত্তর দিলেন না এবং মধ্য হইতে রাজার উপর বিরক্তি প্রকাশ করিতে লাগিলেন। রাজা নির্জ্জনে বসিয়া আপনার ক্ষতির নিমিত্ত কেবল দুঃখ প্রকাশ বই আর কি করেন, কিন্তু সাহেবের নিকট টাকা চাওয়ায় তিনি ভারি বিরক্ত হইয়াছেন। অপর শুদ্ধ টাকা না দিয়া তাহার রাগ ক্ষান্ত হইল না, তিনি রাজাকে কিসে জব্দ করিবেন এক্ষণ তাহার ফিকির ঠাওরাইতেছেন। গবর্ণমেণ্ট যত দিন এই রূপ কর্ম্মচারীদিগকে দেশ হইতে দূর করিয়া না দিবেন, তত দিন প্রজার গবর্ণমেণ্টের উপর অচলা আস্থা হইবে না।

—আমেরিকার এক জন পণ্ডিত ডেসার নামক মন্দীর হইতে এক খণ্ড ইষ্টক প্রাপ্ত হইয়াছেন এবং অণুবীক্ষণ যন্ত্রের দ্বারা উহার পরীক্ষা করিয়া আদিম কালীয় যীহুদিদিগের সম্বন্ধে অনেক বিষয় আবিষ্কার করিয়াছেন। বাইবেলে যেরূপ তৃণ, নাইলের মৃত্তিকা এবং বালুকা প্রভৃতি দ্বারা য়িহুদিদিগের ইষ্টকময় এমারত প্রস্তুতির কথা লিখিত হইয়াছে, উহাতে সেই সমুদয় উপকরণ লক্ষিত হইতেছে। তিনি ইষ্টক পরীক্ষা দ্বারা পুর্ব্বকালীয় য়িহুদিদিগের আচার, ব্যবহার, ভাষা, ভুগোল প্রভৃতি অনেক বিষয় প্রকাশ করিয়াছেন।

—আজ কাল ইংরেজেরা প্রকৃত নবাব হইয়া উঠিতেছেন। সেকালের নবাবেরা শুনা যাইত একটী বেগুন কিনিতে দশ টাকার কম ব্যয় করিতেন না, একটী বাড়ী করিতে হইলে লক্ষ২ টাকার শ্রাদ্ধ হইত। আজ কাল অনেক ইংরেজ এই রূপ নবাবী চালে চলিতেছেন। ওয়েষ্টমিনিষ্টারের মারকুইস একটী গৃহের ছাদ করিতে দুই লক্ষ কুড়ি হাজার টাকা ব্যয় করিয়াছেন। পুর্ব্ব কালের ভারতবর্ষের রাজা রাজরাড়াও একটী ছাদের নিমিত্ত এত ব্যয় করিতেন কি না সন্দেহ।

—মিস গিলবার্ট নামক এক জন ইংরেজ কুমারী তিন বৎসর পর্য্যন্ত কোন পুরুষের সহিত একাদিক্রমে কোর্টসিপ করেন। পরিশেষে বিবাহের কথা হয় কিন্তু বিবাহের দিন পুরুষটি বিবাহ করিতে অস্বীকৃত হন। মিস গিলবার্ট এই নিমিত্ত আদালতের সাহায্য লইয়া হুরমত বাহার নালিশ করেন। আদালত তাহাকে এক শত পঞ্চাশ টাকা ডিক্রী দিয়াছেন।

—হরিদ্বার হইতে এক ব্যক্তি লিখিয়াছেন যে, তথায় একটী হস্তি ছুটিয়া আসিয়াছে। উহার পীঠের উপর এক খানি হাওদা এবং হাওদার মধ্যে দুটী বন্দুক ও একটী চোগা রহিয়াছে। অনেকে অনুমান করিতেছেন কোন শীকারী সাহেব ব্যাঘ্র শীকার করিতে গিয়া ছিলেন এবং হয় ব্যাঘ্র তাহাকে খাইয়া ফেলিয়াছে কি হস্তিটী ব্যাঘ্র দেখিয়া তাহার সোয়ারকে ফেলিয়া পলায়ন করিয়াছে।

—হস্পিটালের নিমিত্ত কতক গুলি নার্স প্রস্তুত করিবার নিমিত্ত লেপ্‌টেনাণ্ট গবর্ণর লেডী ক্যানিং হোমে মাসে ২০০ শত টাকা মঞ্জুর করিয়াছেন।

—সিন্ধিয়া ষ্টেট রেলওয়ের কণ্ট্রাক্ট মেসারস্ ম্লোয়ার এণ্ড কোং গ্রহণ করিয়াছেন। ইহাদিগকে পাঁচ কোটী টাকা দিতে হইবে। যদি কোন দেশীয় এই কণ্ট্রাক্টটী লইতেন তাহা হইলে অন্ততঃ তিনি এক কোটী টাকা ঘরে আনিতে পারিতেন। কিন্তু আমাদের দেশীয় লোক কোন ঝঞ্ঝাটের মধ্যে যাইতে চান না, এবং তাহাদের দুর্দ্দশার কারণও এই।

—যে সকল চাঁদা দাতৃগণ এবং মেম্বরগণ জুওলজিকাল গার্ডেন অর্থাৎ প্রাণী বাটীকা দেখিতে যান তাহারা যেন টিকিট লইয়া যাইতে বিস্মৃত না হন। প্রাণীবাটিকাটি যেরূপ দ্রুত বেগে প্রস্তুত হইতেছে তাহাতে আমরা ভরসা করি যে, সত্বর উহা সর্ব্বাঙ্গ সুন্দর অবস্থায় সাধারণের সম্মুখে দণ্ডায়মান হইবে।

—গত এপ্রেল হইতে সেপ্‌টম্বর পর্য্যন্ত ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ২৫৮৪৬০৫০০ টাকা আয় এবং ২৯০৫০৬১৯ টাকা ব্যয় হইয়াছে। তৎ পূর্ব্ব বৎসর ঐ সময়ে ২৫৯৯৬১৩৫০ টাকা আয় ও ও ২৮৪৫০৮৫৩০ টাকা ব্যয় হয়।

—কান্দাহারের আর এক দল বণিক দস্যু কর্ত্তৃক আক্রান্ত হয় এবং তাহাদের পনর হাজার টাকা অপহৃত হইয়াছে। ইহারা কান্দাহার হইতে ভারতবর্ষে আসিতেছিল এবং মোয়াডাগ নামক স্থানে ব্রাহুই নামক জাতি কর্ত্তৃক লুণ্ঠিত হয়।

—সিমুলিয়ার বাবু রজনী কান্ত মিত্র লিখিয়াছেনঃ—"আপনি গত অমৃত বাজার পত্রিকার সংবাদ স্তম্ভে লিখিয়াছেন যে, কলিকাতা পবলিক লাইব্রেরি সত্বর উঠিয়া যাইবে, আপনি এসংবাদ কোথা হইতে পাইলেন জানিতে বাসনা করি। আমার কোন বিশেষ আত্মীয় উক্ত লাইব্রেরিতে কর্ম্ম করেন, তাঁহাকে জিজ্ঞাসা করায় উত্তর করিলেন যে উঠিয়া যাইবার কিম্বদন্তীর কোন মূল নাই কেবল কল্পনা মাত্র। এই প্রকার অমূলক জনরবের দ্বারা পুস্তকাগারের অনিষ্ট সাধন (যথা গ্রাহক বর্গ ত্যাগ ইত্যাদি) হইতে পারে, অতএব অনুগ্রহ পূর্ব্বক এই প্রতিবাদটী আগামী পত্রিকায় প্রকাশ করিয়া বাধিত করিবেন।" আমরা এই সংবাদটী ইংলিশম্যান হইতে গ্রহণ করিয়া ছিলাম।

—আমেরিকার এক খানি চিকিৎসা সম্বন্ধীয় পত্রিকায় প্রকাশিত হইয়াছে যে, ব্রাডলি নামক এক জন সাহেবের স্ত্রী একেবারে ৮টি সন্তান প্রসব করিয়াছেন। ইহাদের তিনটি বালক ও ৫টি বালিকা। তাহারা সকলেই জীবিত আছে। তাহাদের আকার অতি ক্ষুদ্র কিন্তু শরীর সুস্থ। উক্ত স্ত্রীলোকটির এই ছয় বৎসর মাত্র বিবাহ হইয়াছে। ইহার মধ্যে তিনি চারিটি যমজ ও এই আটটি, একুনে ১২টি সন্তান প্রসব করিলেন। উক্ত স্ত্রীলোকটির জন্ম কালে তাহার মাতা এক কালে তিনটি সন্তান প্রসব করেন, তাহার পিতা যমজ ও তাহার মাতাও যমজ হইয়া ছিলেন, এবং তাহার পিতামহী ৫ বারে দশটি সন্তান প্রসব করেন।

—তাভুইজো নামক স্থানে একটী হাতি কলে খাটীতে ছিল। হঠাৎ সে খেপিয়া উঠে। মামুদ গতিক মন্দ দেখিয়া তাহার পৃষ্ঠ হইতে লম্ফ দিয়া পড়িয়া পলায়ন করে। হস্তি উন্মত্ত হইয়া ছুটে। একটী বাগানের নিকট গিয়া উহার বেষ্টনটী চূর্ণ করিয়া ফেলে। সেখান হইতে আবার ছুটীতে থাকে। সম্মুখে দুই বৎসরের একটী ছেলে পড়ে। তাহাকে শুড়ের বাড়ী ও দন্তের আঘাতে নষ্ট করে। বালকটির পিতা দৌড়িয়া পুত্রকে রক্ষা করিতে যাওয়ায় হস্তি তাহাকে আক্রমণ করে। দন্তের দ্বারা পিতাকে আঘাত করিতে যায়, সৌভাগ্যক্রমে দন্ত তাহার শরীরে না লাগিয়া মৃত্তিকার মধ্যে প্রবিষ্ট হয়, কিন্তু তাহার উরুদেশে হস্তির মস্তকাঘাত লাগায় তথাকার অস্থি চুর্ণ হইয়া যায়। ইতি মধ্যে পুলিশে সংবাদ দেওয়া হয়। তাহারা দুটী হাতির সাহায্যে উহাকে আবদ্ধ করে।

—কনেকটীকাটে একটী নূতন আইন প্রচলিত হইয়াছে। যদি কোন সুরা ব্যবসায়ী কোন মাতালের নিকট মদ বিক্রয় করে তবে তাহার এক শত টাকা জরিমানা দিতে কিম্বা দুই মাস কারাবাস ভোগ করিতে হইবে। এতদ্ভিন্ন যদি কেহ মাতাল হইয়া কাহার ক্ষতি করে, তবে যে ব্যক্তির মদ খাইয়া সে মাতাল হইয়াছে তাহাকে উক্ত ক্ষতি পূরণ করিতে হইবে।

—লণ্ডনের কোন রাস্তায় ১৮ বৎসরের একটি যুবতী স্ত্রী লোক মদ খাইয়া অজ্ঞান অবস্থায় পড়িয়া থাকে। তাহাকে পুলিশে লইয়া যাওয়া হয়। সে বলিল যে, এক জন স্ত্রী লোক মদ খাওয়াইয়া কোন পুরুষের নিকট তাহাকে রাখিয়া যায়। পুরুষটি তাহাকে অনেক খানি মদ খাওয়াইয়া দেয় ও তাহার পর কি হইয়াছে সে তাহা কিছু জানে না। যুবতী স্ত্রী লোকটিকে তাহার গৃহে পাঠাইয়া দেওয়া হয়। যেখানে স্ত্রী লোকের বেশী স্বাধীনতা সেখানে প্রায় এই রূপ সকল শোচনীয় কাণ্ড ঘটিয়া থাকে।

—নিউইওয়ার্কের অন্তর্গত লক পোর্টের চেস কোম্পানি কতক গুলি দ্রব্য দ্বারা এক রূপ নূতন উৎকৃষ্ট জ্বালানি কাষ্টের আবিষ্কার করিয়াছেন। তিন ভাগ পাথুরে কয়লা, দুই ভাগ কসযুক্ত ছাল, দুই ভাগ করাতের গুড়া, এক ভাগ কোন বৃক্ষ বা গুল্মাদির তরল রস, এক ভাগ আলকাতারা কিম্বা রজন ধুনা, এই সমুদায় একত্র করিতে হইবে। ধুপ কিম্বা দেয়াসলাই দ্বারা অতি সহজেই ইহা জ্বালা যায়।

—এক ব্যক্তি কোন ইংরেজী পত্রিকায় এইরূপ এক খানি পত্র লিখিয়াছেনঃ—"যখন আমি দেখিলাম যে, আর জাহাজ রক্ষা পায় না তখন কোটি দেশে একটি "লাইফ প্রিজারবার" বন্ধন করিয়া জলে ঝম্প প্রদান করিলাম। যেমন জলে পড়িলাম অমনি অনেকটা দূর তলিয়া গেলাম বটে, কিন্তু আবার ভাসিয়া উঠিলাম। যদিও লাইফ প্রিজারবার কোটি দেশে আবদ্ধ থাকিলে ডুবিয়া মরার ভয় নাই, কিন্তু উহা লইয়া সন্তরণ দেওয়া কঠিন। তখন ঘোর অন্ধকার, আমি যে দিকে তাকাইতে লাগিলাম সেই দিক নিবিড় তমসাচ্ছন্ন বোধ হইতে লাগিল। আমার সন্তরণ দিবার প্রয়োজন ছিল না, কারণ কোন দিকে যাওয়ার যো ছিল না। একটু পরে আমার এ রূপ শীত বোধ হইতে লাগিল যে, শরীর অবশ হইয়া গেল। তৎপর ঝড় ক্রমে বৃদ্ধি হইতে লাগিল ও তরঙ্গ আসিয়া আমাকে অধিকতর বিরক্ত করিতে লাগিল। আমার অঙ্গ অবস হইয়া গেল। আমি ক্রমে দুর্ব্বল ও আশাশূন্য হইতে লাগিলাম। নৈরাশের সঙ্গে সঙ্গে তরঙ্গ হইতে রক্ষা পাইবারও চেষ্টা হইতে ক্ষান্ত হইলাম। তখন অনেক খানি জল আমার উদরে প্রবেশ করিয়া ছিল। এমন সময় জাহাজোন্মুক্ত এক খানি তক্তা পাইলাম ও তখনই লাইফ প্রিজারবারটি ছিড়িয়া গেল। তক্তার উপর যে আরোহণ করি এরূপ শক্তিও ছিল না, ইচ্ছাও হইল না। বাঁচা মরা তখন আমার কাছে প্রায় সমান বোধ হইতে লাগিল। এমন সময় হঠাৎ আমার মনে হইল যে, বাড়িতে সিন্দুকের ভিতর এক খানি দলিল আছে। এমন কি দলিল খানি যেন আমার সম্মুখে আসিয়া উপস্থিত হইল। আমি কাগজ খানা সম্মুখে দেখিতে লাগিলাম এবং কাগজ খানা কি রূপ ও তাহার ছত্র গুলি, অক্ষর গুলি, আমার দস্তখৎ, এমন কি উহাতে যে কাটা কুটী ছিল তাহা পর্য্যন্ত স্পষ্টাক্ষরে দেখিতে লাগিলাম। তখন আমার স্মরণ হইল যে, আমি যে কার্য্যের জন্য যাইতে ছিলাম তাহা হয় নাই এবং বাঁচিতে ইচ্ছা হইল ও অমনি তক্তার উপর উঠিয়া বসিলাম। আমি যে মরি নাই, ও প্রাণে২ বাড়ি আসিয়া পৌঁছিয়াছি তাহা বলা বাহুল্য।

—যাহারা গঙ্গার নৌকারোহণ করিয়া বেড়ান তাহারা সাবধান। ষ্টিমারের সংঘাতে আর এক খানি নৌকা সে দিবস মারা পড়িয়াছে। নৌকা খানি লোকে পরিপূর্ণ ছিল। সৌভাগ্য ক্রমে একটি লোকও মারা পড়ে নাই। ষ্টিমারের মাল্লারা বিশেষ পরিশ্রমের সহিত নৌকার লোক গুলি বাঁচায়। ইতি মধ্যে মুচীখোলার নিকটেও আর এক খানি নৌকা মারা পড়ে। উহা বাঁশ ও জ্বালানি কাষ্ঠে বোঝাই ছিল। এই নৌকার মাল্লারা বাঁশ ধরিয়া অনেকক্ষণ জলের মধ্যে থাকে। অবশেষে এক খানি চলতি নৌকার মাঝিরা তাহাদিগকে তুলিয়া লয়।

—ইংলিশম্যান পেনাঙ্গ হইতে সংবাদ পাইয়াছেন যে, বার্চ সাহেবের হত্যাকারীদের দুই জন ধৃত হইয়াছে। উহাদের নাম সোতাম ও গণ্ডা। সুলতান ইসমাল ও রাজা লিলা এখন পর্য্যন্ত ধৃত হয় নাই, কিন্তু ইহাদিগকে যেরূপ যত্নের সহিত অনুসন্ধান করা হইতেছে তাহাতে বোধ হয় ইহাদের কোন না কোন সময়ে ইংরেজদের হস্তগত হইবে।

—কলিকাতায় আমরা দুই আনা করিয়া বরফের সের ক্রয় করি, কিন্তু বোম্বাইয়ে উহা ছয় পয়সায় বিক্রয় হইতেছে।

—এবার কাবুলে ভয়ংকর শীত পড়িয়াছে। কাবুল হইতে পেশোয়ারে ছয় জন লোক আসিতে ছিল। শীতের প্রাদুর্ভাব সহ্য করিতে না পারিয়া তাহারা পথি মধ্যে মৃত্যু গ্রাসে পতিত হয়।

—ব্রিটিশ ব্রহ্ম দেশের ক্রমশঃ উন্নতি দেখা যাইতেছে। গত বর্ষের শেষ তিন মাস তথায় আট খানি পুস্তক প্রকাশিত হয়। ইহার তিন খানি ব্রহ্ম, দুই খানি ইংরেজী ও এক খানি ব্রহ্ম ইংরেজী ভাষায় লিখিত।

—আসামের জুডিসিয়াল কমিসনার আগনু সাহেব দুই বৎসরের ছুটী লইয়া বিলাত গমন করিতেছেন। গেডিস সাহেব তাহার স্থানে নিযুক্ত হইতেছেন। সিবিল সরবিসের মধ্যে গেডিস সাহেবের ন্যায় উপযুক্ত লোক অতি কম আছেন, সুতরাং আসামবাসীদিগের সৌভাগ্য যে গেডিস সাহেব তাহাদের মধ্যে যাইতেছেন।

—মান্দ্রাজের গবর্ণর ডিউক অব বাকিংহাম কলিকাতা পরিত্যাগ করিয়া উত্তর পশ্চিম অঞ্চল পরিদর্শন করিতে গমন করিবেন। মান্দ্রাজের গবর্ণরের উত্তর পশ্চিম অঞ্চলে যাওয়ার প্রয়োজন কি?

—১৫ই ফেব্রুয়ারী তারিখে ইংলিশম্যান নিম্ন লিখিত টেলিগ্রামটি প্রকাশ করেন। "যুবরাজ এবং তাঁহার দল বল মৃদু গতিতে নেপাল মুখে গমন করিতেছেন। ইহারা প্রত্যহ তাঁবু ফেলিতে২ যাইতেছেন। পথে অনেক গুলি হরিণ শীকার করা হয়, কেবল একটি মাত্র ব্যাঘ্র দেখা যায়। গত কল্য যুবরাজ একটি ভালুক গুলি করেন এবং লর্ড এলেসফোর্ড আর একটি ভল্লুক হত্যা করেন। সকলেই সুস্থ আছেন।"

—হার ক্রাপ নামক প্রসিদ্ধ কামান নির্ম্মাতা আর এক প্রকার কামান প্রস্তুত করিয়াছেন। উহার ভারত্ব ১৫০ টন (২৮ মোনে এক টন) কিন্তু চোঙ্গের ছিদ্র ১৮॥ ইঞ্চ মাত্র। চোঙ্গটি দুই ভাগে বিভক্ত এবং কামানটি ইস্পাত দ্বারা প্রস্তুত।

—রেবিনিউ বোর্ড হইতে এক খানি সারকুলার অর্ডার এই মর্ম্মে বাহির হইয়াছে যে, আবগারীর উন্নতি সম্বন্ধে যে সকল ডিষ্ট্রিক্ট সুপারিণ্টেণ্ডেণ্ট সাহেব বিশেষ যত্ন দেখান তাঁহাদের বিষয় যেন বাৎসরিক রিপোর্টে লিখিত হয়। পুলিশ সাহেবদের বাহাদুরী দেখাইবার আর একটি পথ বাহির হইল।

—দেওয়ানী কার্য্যবিধি আইন সম্বন্ধে টেম্পল সাহেব একটি পরিবর্ত্তন করিবার প্রস্তাব করিয়াছেন। ডিক্রী জারীর নিমিত্ত তিনি প্রত্যেক জেলায় জজ সাহেবদের অধীনে এক একটি বিভাগ খুলিতে চান। এক জন উচ্চ বেতনের কর্ম্মচারীর হস্তে এই বিভাগের ভার অর্পিত হইবে এবং যাহাতে শীঘ্র২ ডিক্রী জারি হয় তাহার প্রতি তিনি দৃষ্টি রাখিবেন।

—ত্রিহুত রেলওয়ে কোন্ পথ দিয়া দরভাঙ্গা ও মজঃফরপুরে যাইবে তাহা সাব্যস্ত হইয়াছে। পূর্ব্বে স্থিরীকৃত হয় যে বাজিদপুর হইয়া দরভাঙ্গার রেলওয়ে যাইবে, এক্ষণ এই বন্দবস্তের কতক পরিবর্ত্তন হইয়া সাব্যস্ত হইয়াছে যে, বাজিদপুরের তিন মাইল দূরে বোলান নদীর নিকট হইতে রেলওয়ে আরম্ভ হইয়া সামাস্তিপুরে গণ্ডক নদী পার হইবে এবং তৎপর দারভাঙ্গার যাইবার পুরাতন রাস্তার সহিত সংযুক্ত হইবে। সামাস্তিপুর হইতে মজঃফরপুরে একটি শাখা রেলওয়ে খোলা হইবে। এই রেলওয়ে লাইন খোলা হইলে উহার দৈর্ঘ্য বাজিদপুর হইতে মজঃফরপুর পর্য্যন্ত ৫২ মাইল ও সামস্তিপুর হইতে দরভাঙ্গা পর্য্যন্ত ২২ মাইল হইবে।

—বাঙ্গালী মাত্রেই বাঁশ গাছ দেখিয়াছেন কিন্তু উহা কিরূপ দ্রুত বেগে বৃদ্ধি হয় তাহা বোধ হয় অনেকে না জানিতে পারেন। এদেশীয় বৃক্ষ জন্মাইবার নিমিত্ত ইউরোপে "হট হাউস" নামক যে উষ্ণ গৃহ আছে সেখানে পরীক্ষা করিয়া দেখা গিয়াছে যে, ২৪ ঘণ্টার মধ্যে বংশ বৃক্ষ এক ফুট বৃদ্ধি হয়। এদেশেও উহার বৃদ্ধি এক রূপ অদ্ভুত ব্যাপার। এক জাতীয় বাঁশ এক মাসে ২৫।০ ফিট উচ্চ হয়, আর এক জাতীয় ২৩ দিনে ১২ ফিট এবং আর এক জাতীয় এক মাসে ২০ হইতে ৭০ ফিট পর্য্যন্ত উচ্চতা লাভ করে। বাঁশ দিন অপেক্ষা রাত্রে বেশী বাড়ে। মধ্য ভারতবর্ষের লোকেরা বলে যে, ঝড় ও বিদ্যুত পতনের সঙ্গে সঙ্গে বাঁশের কোঁড়া বাহির হয় এবং পরীক্ষা করিয়া দেখা গিয়াছে যে, এটি সত্য। বাঁশের ফুল হইলে যে দুর্ভিক্ষ উপস্থিত হয় ইহাও অনেকটা সত্য বলিয়া বোধ হয়। ভারতবর্ষে যত বার মন্বান্তর হইয়াছে তত বার বাঁশের ফুল হইয়াছে। এমন কি সে দিনকার দুর্ভিক্ষের সময়ও বোটানিকাল গার্ডেনে বিস্তর বাঁশ গাছে ফুল দেখা দিয়া ছিল।

—বারিষ্টার লিঙ্গাম সাহেব রাঙ্গুন স্মল কজ কোর্টের জজ হইলেন। লিঙ্গাম সাহেব কলিকাতা হাইকোর্টের এক জন গণ্য মান্য বারিষ্টার ছিলেন। ইনি হাজার টাকা বেতনের একটি চাকুরী গ্রহণ করায় প্রমাণ হইতেছে যে, আমাদের বারিষ্টারেরা কি রূপ অবস্থায় উপনীত হইয়াছেন।

—কক্রেল সাহেব গবর্ণর জেনারেলের কাউন্সেলের মেম্বর নিযুক্ত হওয়ার নিমিত্ত এই২ পরিবর্ত্তন হইলঃ—লর্ড ইউলিক ব্রাউন রাজসাহী ও কুচবেহার বিভাগে গমন করিলেন; বাকলাণ্ড সাহেব প্রেসিডেন্সি বিভাগের কমিসনার হইলেন; কক্রেল সাহেব বর্দ্ধমান বিভাগের ভার প্রাপ্ত হইলেন, এবং পিকক সাহেব ঢাকা বিভাগেই থাকিলেন।

—ভূপালের বেগম জি,আই, পি রেলওয়ে কোম্পানির নামে ৬৪৬৫৫ টাকার দাবি দিয়া নালিশ করিয়াছেন। মকদ্দমা বোম্বাই হাইকোর্টে হইতেছে। বেগম অনেক গুলি মূল্যবান দ্রব্য উক্ত রেলওয়ে যোগে প্রেরণ করেন, কিন্তু রেলওয়ে কোম্পানি তাহা তাহাকে প্রত্যার্পণ করেন না। এই জিনিসের মূল্য ধরিয়া তিনি নালিশ করিয়াছেন।

—টেম্পল সাহেব সিবিল কোর্ট আমিনদিগের পদ উঠাইয়া দিবার প্রস্তাব করিয়াছেন। ইহাদের পরিবর্ত্তে তিনি অতিরিক্ত মুন্সেফ নিযুক্ত করিতে চাহেন। সিবিল কোর্ট আমিনদের হস্তে যেরূপ গুরুতর ভার অর্পণ করা হয় এবং সচরাচর ইহারা যেরূপ অল্প বেতন পান্ তাহাতে ইহাদের দ্বারা সুশৃংখলা পূর্ব্বক কার্য্য সমাধা হওয়া সুকঠিন, সুতরাং টেম্পল সাহেবের প্রস্তাবটি বিশেষ উপকারজনক বলিয়া বোধ হয়।

প্রেরিত।

চা-কর সাহেবদিগের অত্যাচার।

চট্টগ্রাম জিলান্তর্গত ফটীকছড়ি থানার এলাকাধীন জনৈক পল্লীগ্রামের কৃষকেরা ক্ষেত্রে জল সিঞ্চনের নিমিত্ত একটী জলায় বাঁধ বাঁধিয়াছিল। চা-কর সাহেবেরা দেখিলেন যে এই বাঁধ দ্বারা চা-ক্ষেত্রে জল আসিতে পারিতেছে না তাহাতে চা ক্ষেত্রের অশেষ বিধ ক্ষতি হইতেছে। ইহাতে তাহারা কৃষকদিগের উপর অত্যন্ত রাগান্বিত হইয়া বন্দুক প্রভৃতি লইয়া বলপূর্ব্বক বাঁধ ভাঙ্গিবার নিমিত্ত তথায় গমন করেন। কিন্তু কৃষকেরা ইতি পূর্ব্বে এই সংবাদ পাইয়া দ্রুতবেগে বাঁধ রক্ষা করিবার নিমিত্ত গমন করিল। চা-কর সাহেবেরা তথায় যাইয়া বল পূর্ব্বক বাঁধ ভাঙ্গিবার নিমিত্ত চেষ্টা করেন, কৃষকেরা তাহাতে বাধা দেয়, অবশেষে চা-কর সাহেবেরা কৃষকদিগের উপর অত্যন্ত রাগান্বিত হইয়া হস্তস্থিত বন্দুকে ক্ষুদ্র ক্ষুদ্র ছররা গুলি ভরিয়া কৃষকদিগকে গুলি করেন। কৃষকদিগের মধ্যে ৭ সাত জন মাত্র আহত হইয়াছিল আর অবশিষ্টেরা পালাইয়া গিয়া থানায় সংবাদ দেয়। এই সংবাদ শ্রবণে থানা হইতে দারোগা ও দুই জন হেড কনেষ্টবল ও কতিপয় কনেষ্টবল তথায় গিয়া আহত ব্যক্তিদিগকে অত্রত্য দাতব্য চিকিৎসালয়ে চিকিৎসার্থ প্রেরণ করিয়াছে। অত্রত্য সুযোগ্য আসিষ্টাণ্ট সার্জ্জন শ্রীযুক্ত বাবু অন্নদাচরণ কাস্তগিরীর চিকিৎসা গুণে তাহারা সম্পূর্ণরূপে আরোগ্য লাভ করিয়াছে।

চা-কর সাহেবদিগকে পুলীশ অনুসন্ধান করিতেছে কিন্তু অদ্যাপিও ধৃত হয় নাই। ধৃত হইলে পশ্চাৎ বিচারে যাহা হয় মহাশয়কে জানাইবার ইচ্ছা রহিল। চা-করদের দৌরাত্মে পল্লীগ্রামের চতুঃপার্শ্ববর্ত্তী অধিবাসীরা মহা ব্যতিব্যস্ত হইয়া উঠিয়াছে। তাহাদিগের দৌরাত্মে পল্লীগ্রামবাসীরা ক্রমে ক্রমে হীনবীর্য্য ও হীন সাহসী হইয়া উঠিতেছে। প্রহারের পরিবর্ত্তে প্রহার না করিলে ইহাদিগকে আর সমুচিত প্রতিফল দেওয়া যায় না। বাঙ্গালীরা আর কবে প্রহারের পরিবর্ত্তে প্রহার করিতে শিখিবে? যে দিবস অবধি বাঙ্গালীরা প্রহারের পরিবর্ত্তে প্রহার করিতে শিখিবে সেই দিবস হইতে ভারতের সুখ সূর্য্য উদয় হইবে।

বশম্বদ।
শ্রীমাণিক্য চন্দ্র দে

খুলনার স্কুল সব ইনস্পেক্টর।

ইতি মধ্যে বিভাগের স্কুল সমূহের ইনেস্পেক্টর সাহেব ও খুলনা বিভাগের স্কুল সব ইনেস্পেক্টর আনন্দ বাবু অত্রত্য ইং বাং ও সং বং বিদ্যালয়ের পরিদর্শন কার্য্য সম্পন্ন করিতে আসিয়া ছিলেন। প্রথমোক্ত বিদ্যালয়ের বালকগণের পরীক্ষা বেস সন্তোষজনক হইয়া ছিল। এমন কি ২।১ বালক ব্যতীত সকলেই অঙ্ক; ইং অনুবাদ; ইং বাং শ্রুত লিখনে বিলক্ষণ পারদর্শিতা প্রকাশ করিয়াছিল। কিন্তু দুঃখের বিষয় এই যে প্রোক্ত সবইনেস্পেক্টর বাবুর তৃপ্তিজনক না হইয়া বরং তাঁহার ঈর্ষানল প্রজ্জ্বলিত হইয়া উঠিল, ক্রমে অধৈর্য্য হইয়া উঠিল ও তিনি কতক গুলিন অকিঞ্চিতকর বাক্য দ্বারা সাহেবকে উত্তেজিত করিবার যত্নাতিশয় প্রদর্শন করিতে লাগিলেন। ধীর স্বভাব সাহেব মহোদয় তাহাতে কর্ণপাত না করিয়া স্কুলের হিসাব পুস্তকাদি সম্বন্ধে ২। ১টি সামান্য দোষোল্লেখ করিয়া ক্ষান্ত হইলেন। ক্ষণকাল পরে বস্তুতঃ হীন দশাপন্ন বঙ্গ বিদ্যালয়ের পরীক্ষা আরম্ভ হইল। অধিকাংশ বালকে স্লেট, পেন্সিল, পুস্তকাদি আনে নাই। সাহেব লিখিতে বলিলে সেক্রেটরী অর্থাৎ প্রধান শিক্ষক বলিলেন যে, সাহেবের আগমনে ব্যস্ত হইয়া পুস্তকাদি আনিতে বিস্মৃত হইয়াছে। এ কি রূপ ব্যস্ততা? সব ইনেস্পেক্টর বাবু কৌশল ক্রমে অতি সংক্ষেপেই পরীক্ষা নির্ব্বাহ করাইলেন। সাহেব শিক্ষকদিগের বেতন প্রাপ্তি স্বীকার, এবং অন্যান্য হিসাবাদি চাহি-

সেক্রেটরী তাহা দিতে পারিলেন না। প্রত্যুৎপন্ন-মতী সব ইনেস্পেক্টর বাবু সাহেবের চক্ষে ধুলা দিয়া বলিলেন মহাশয়! এবার হইতে ইহার জোগাড় করিয়া রাখিবেন। কি দুঃখের বিষয়! যিনি ইং স্কুলের অণু মাত্র দোষ ভাল প্রমাণ করিয়া সাহেবকে উত্তেজিত করিবার যত্নবান হইয়া ছিলেন, তিনিই আবার বঙ্গ বিদ্যালয়ের সহস্র ২ দোষ গোপন করিতে কিছু মাত্র লজ্জা বোধ করিলেন না।

এই শুভকরী ইং বিদ্যালয়টীর উচ্ছেদ সাধন হইলে সবইনেস্পেক্টর বাবুর কি ইষ্ট লাভ হইবে আমরা জানিনা। ইনি এক জন কৃতবিদ্য ব্যক্তি ইহার এরূপ ব্যবহার কেন? মহাশয়! এই কাটী পাড়া একটী সামান্য পল্লীগ্রাম বটে কিন্তু ইহা অনেক গুলি জমিদার ও ধনাঢ্য লোকের আবাস ভূমি। এরূপ স্থানে একটী ইং বিদ্যালয় থাকা নিতান্ত প্রার্থনীয়; বিশেষতঃ ইং শিক্ষা আজ্ কাল্ সাধারণের সমধিক আদরণীয়। ইং শিক্ষার প্রাচুর্য্যে আমাদের অবস্থা যে দিন ২ উন্নত হইতেছে, ইহা সকলেই স্বীকার করিবেন, এই উন্নতি যে বাঙ্গালী জাতির সাধারণ উন্নতির মূল তাহা বিস্মৃত হইয়া যিনি ইহার উচ্ছেদ সাধনে উদ্যত হন তাহাকে শত ২ ধিক। আনন্দ বাবু যে মাত ভূমির এই উন্নতি সোপান ধ্বংশ মানসে পরশুরামের ন্যায় পরশু হস্ত হইয়াছেন তাহার কারণ কি? অবশ্যই কোন গোপনীয় কারণ আছে, এবং যদি কর্ত্ত পক্ষেরা ইহার অনুসন্ধান করেন তাহা হইলে উহা সহজে প্রকাশ হইয়া পড়িতে পারে। নিস্বার্থ বদান্যবর শ্রীযুক্ত বাবু রাজ কুমার ঘোষ জমীদার মহাশয় যদিও পুত্র বিহীন কিন্তু তিনি পরহিতে ব্রতী হইয়া বহু কালের এই ইং স্কুলটি অতি যত্নে রক্ষণাবেক্ষণ করিয়া সমুদয় ব্যয়ভার নিজে বহন করিতেছেন। কয়েক জন শিক্ষক এবং বালককে নিজের বাটিতে রাখিয়া তাহাদিগের ব্যয় নিজ হইতে দিতেছেন। সবইনেস্পেকটর বাবুর দ্বারা এতাদৃশ পরহিত ব্রত সেক্রেটরি বাবুর ইষ্ট সাধনে বিলক্ষণ বাধা জন্মিবার সম্ভাবনায় আমরা অত্যন্ত দুঃখিত হইতেছি।

কাটীপাড়া ১৭।২।৭৬। } একান্ত বশম্বদ বস্থচিত দর্শক।

বাঙ্গালার শাসন প্রণালী।

লর্ড ক্লাইব নানা উপায়ে বাঙ্গলায় ইংরাজ অধিকার পরিবর্দ্ধন করিলে ১৭৭৪ খৃঃ অব্দে এখানে গবর্ণর জেনারলের পদটির সৃষ্টি হয় এবং ওয়ারেন হেষ্টিংস সাহেব তৎপদে প্রথম নিযুক্ত হন। বোম্বাই ও মান্দ্রাজে এই সময় অপেক্ষাকৃত ইংরাজাধিকার অনেক পরিমিত ছিল। কিন্তু তত্রাচ মহারাষ্ট্রীয়গণ, হাইদার আলী, কার্ণাটের নবাব প্রভৃতির সঙ্গে অহোরহ রাজ্য সংক্রান্ত নানা রূপ গোলমাল উপস্থিত হইত বলিয়া এই উভয় স্থলে দুই জন স্বতন্ত্র গবর্ণর নিযুক্ত হন। বোম্বাই ও মান্দ্রাজ কলিকাতা হইতে অনেক দূর, কাজেই বাঙ্গলার গবর্ণর জেনারল তথাকার কার্য্য সমুদায় রক্ষণাবেক্ষণ করিতে পারিতেন না, কিন্তু ইংরেজেরা ক্রমেই ভারতবর্ষে অধিকার বাড়াইতে লাগিলেন। শেষে গবর্ণর জেনারলের হাতে এত কাজ আসিয়া পড়িল যে তিনি বাঙ্গলার শাসন কার্য্য সমুদায় নির্ব্বাহ করিবার যথা প্রয়োজন সময় পাইতেন না, এই জন্যে ১৮৪০ খৃঃ অব্দে লর্ড এলেনবরা বাঙ্গলার রাজ কার্য্য নির্ব্বাহার্থে তাঁহার অধীনে এক জন ডেপুটি গবর্ণর নিযুক্ত করিলেন। লর্ড ড্যালহাউসীর শাসন কালে ইংরাজাধিকার ভারতবর্ষে আরো বিস্তৃত হইয়া পড়িল এবং গবর্ণর জেনারেলের বাঙ্গলার রাজ শাসন নির্ব্বাহার্থে অতি অল্প সময় পাইবার সম্ভাবনা থাকিল। কাজেই তথাকার ডেপুটি গবর্ণরের ক্ষমতা বৃদ্ধি করিয়া দেওয়ার প্রয়োজন হইল এবং ড্যালহাউসী ডেপুটি গবর্ণরের পদটি উঠাইয়া দিয়া তৎপদে এক জন লেপ্টনাণ্ট গবর্ণরকে নিযুক্ত করিলেন। বাঙ্গলার সমুদয় ভার তাঁহার প্রতি অর্পিত হইল। তবে গবর্ণর জেনারলের অধীনে থাকিয়া তাঁহার সমুদায় কার্য্য নির্ব্বাহ করিতে হইবে। এই রূপে ১৮৬০ খৃষ্টাব্দে হ্যালিডে সাহেবকে প্রথম লেপ্টেনেণ্ট গবর্ণরের পদে নিযুক্ত করা হয়। লর্ড ড্যাল হাউসির শাসন হইতে একাল পর্য্যন্ত এই প্রণালীতে সমুদয় কার্য্য চলিয়া আসিতেছে, কিন্তু ইহাতে সময় সময় অনেক গোল উপস্থিত হয়। লেপ্টনাণ্ট গবর্ণর না স্বাধীন, না সম্পূর্ণ অধীন, অথচ তাঁহার হাতে যত বড় রাজ্য, ভারতবর্ষে এত বড় রাজ্য আর কোনটিও নয়। বাঙ্গলা, বেহার, উড়িষ্যা, ও ছোট নাগপুর এত গুলি দেশ বাঙ্গলা প্রেসিডেন্সির অন্তর্গত। ইহার পরিমাণ ফল দুই লক্ষ ছত্রিশ হাজার অর্থাৎ ইংলণ্ড হইতে চারিগুণ, প্রশিয়া হইতে আড়াই গুণ, ও ফ্রান্স হইতে প্রায় দেড় গুণ বেশী। সম্প্রতি যেরূপ জানা গিয়াছে তাহাতে বাঙ্গলার অধিবাসী সংখ্যা ছয় কোটি, তাহা হইলে ইংলণ্ড অপেক্ষা তিন গুণ, প্রসিয়া অপেক্ষা পাচ গুণ ও ফ্রান্স অপেক্ষা সাত গুণ লোক বাঙ্গালায় বাস করিয়া থাকে। আবার ইহাতে কত ভিন্ন ভিন্ন জাতি বাস করিয়া থাকে। এক দিকে অসভ্য কোল, ভীলল, অপর দিকে উন্নতিশীল বাঙ্গালী ও সুসভ্য ইউরোপীয়। এই সকল বিবিধ প্রকার লোকের মনস্তুষ্টি করিয়া লেপ্টনাণ্ট গবর্ণরের কাজ করিতে হয়। এত বড় ও এরূপ একটি লোক পূর্ণ রাজ্যের ভার তাঁহার উপর, অথচ তাঁহার ক্ষমতার নির্দ্দিষ্ট পরিমাণ নাই। অনেক সময় তিনি জানিতে পারেন না কোন্ ভারটি তাঁহার এবং কোন্টি বা গবর্ণর জেনেরেলের। অনেক সময় শাসন সম্বন্ধে পরস্পরের অধিকার লইয়া বিবাদ উপস্থিত হয়। এই নিমিত্ত যদিও বাঙ্গলা ভারত রাজ্যের মধ্যে সর্ব্বপেক্ষা বৃহৎ, লোক পূর্ণ ও উন্নত, কিন্তু তবু ইহার প্রতি তাদৃক মনোযোগ দেওয়া হয় না। এই নিমিত্ত অনেক সময় লেপ্টনেণ্ট গবর্ণর নিজ শাসনাধীন দেশের উপর উদাস ভাব দেখাইতে বাধ্য হন। সার ফ্রেডেরিক হ্যালিডে যখন লেপ্টেনেণ্ট গবর্ণর ছিলেন তখন গবর্ণর জেনেরেলের কাউন্সেলের মেম্বর গ্রাণ্ট সাহেব তাঁহাকে কত বার বাধা দিয়াছেন, আবার সার পিটার গ্রাণ্ট যখন উক্ত পদে নিযুক্ত হইলেন তখন সার বর্টল ফেরার কর্ত্তক তিনি কত বাধা প্রাপ্ত হন। বাঙ্গলার পরম হিতকারী বিডন সাহেব ও গ্রে সাহেব এই রূপে সুপ্রিম গবর্ণমেণ্টের অন্যায় কার্য্য সহ্য করিতে না পারিয়া কর্ম্ম পরিত্যাগ করিতে বাধ্য হন। কেবল টেম্পল সাহেব সম্বন্ধে অন্য রূপ ভাব দেখা যাইতেছে। ইহার সুপ্রিম গবর্ণমেণ্টের সঙ্গে কোন গোলযোগ নাই, এবং এই নিমিত্ত বাঙ্গলায় বিবিধ প্রকার উন্নতিও হইতেছে।

শ্রীঃ—

পত্র প্রেরকের প্রতি।

শ্রীকুঞ্জ বেহারি বসু,—দুঃখের সহিত এই ঘটনাটি লিখিয়াছেন। একটি বালিকার সহিত কোন যুবকের প্রণয় হয়। উভয়ে পত্র লেখা লেখি হয়, এমন কি পত্রের মধ্যে বালিকা যুবকটিকে "প্রাণ নাথ" প্রভৃতি প্রেমোদ্দীপক শব্দও ব্যবহার করে। ইহারা পরস্পর প্রতিজ্ঞা করে যে, কেহ কাহাকে পরিত্যাগ করিবে না এবং যদি কর্ত্তৃপক্ষেরা ইহাদের বিবাহের প্রতিবন্ধক জন্মান তবু তাহারা বৈবাহিক সূত্রে আবদ্ধ হইবে। প্রসিদ্ধ কবি সেক্সপিয়ার স্ত্রী লোকদিগকে দুর্ব্বলতার আধার বলিয়া ভৎসনা করিয়াছেন, কিন্তু পত্র প্রেরকের মতে পুরুষের ন্যায় দুর্ব্বল কেহ নহে। এই যুবক বালিকাটিকে এত আশা দিয়াও গুরু জনের ভয় ক্রমে অন্য রমণীর পাণি গ্রহণ করিয়াছে। পত্র প্রেরক বলেন "কন্যাটি দিবা রাত্রি নির্জ্জনে বসিয়া অশ্রু বিসর্জ্জন করে। কেহ নিকটে থাকিলে ভাব গোপন করিবার চেষ্টা করে বটে, কিন্তু তাহার মলিন মুখ ও দীর্ঘ নিশ্বাস প্রকৃত ভাব প্রকাশ করিয়া দেয়।" অবশেষে পত্র প্রেরক তাহার পত্র ইহাই বলিয়া শেষ করিয়াছেন। "যাহারা চিরকাল একত্র বাস করিবে তাহাদের সম্মতি ক্রমে বিবাহ কি সুখের নহে? ইহাকেই অকৃত্রিম প্রণয় বলে। আমি বলি এই রূপ বিবাহই উত্তম।" এই ঘটনা দ্বারা আমরা একটি বিষয় আশংকা করিতেছি। মুদ্রাযন্ত্র হইতে যে ঝুড়ি ২ নাটক বাহির হইতেছে তাহাতে অনেক যুবকের মাথা খাইয়াছে। এক্ষণ আমাদের ভয় হইতেছে পাছে আমাদের বালিকা গুলিও 'প্রেম' রোগে আক্রান্ত হইয়া নাটকাভিনয় আরম্ভ করে।

শ্রীঃ—। বনগ্রামের দ্বিতীয় মুন্সেফ বাবু ভুবন মোহন রায়ের বিরুদ্ধে কতক গুলি গুরুতর অভিযোগ করিয়াছেন। পত্র প্রেরক নাম দেন নাই সুতরাং তাহার পত্র খানি আমরা প্রকাশ করিলাম না। পত্র প্রেরক বলেন, মুন্সেফ বাবুর বয়স ৭০ বৎসর। তাহা যদি হয় তবে তিনি কি করিয়া এখন পর্য্যন্ত কার্য্য করিতেছেন?

শ্রীকালী কমল দে—চট্টগ্রামে অনেক গুলি যাত্রাওয়ালা জুঠিয়াছে। পত্র প্রেরক ইহাদের সম্বন্ধে একটি প্রস্তাব লিখিয়া আমাদিগকে উহা ছাপাইবার নিমিত্ত বিশেষ অনুরোধ করিয়াছেন। পত্র প্রেরক নিজে যাত্রাওয়ালা কি না আমরা জানি না। ফল তিনি হউন আর না হউন, আমরা তাহার অনুরোধ রক্ষা করিতে পারিলাম না।

শ্রীঃ—। এক খানি বাঙ্গলা গ্রন্থ পাঠ করিয়া পত্র প্রেরক কি রূপ আনন্দ অনুভব করেন তাহা এই রূপে বর্ণন করিয়াছেন। "আমি এক খানি রত্ন কণক লাভ করিয়াছি। গ্রন্থকারের পবিত্র মানস সরোবর হইতে এই রত্ন খানি উদ্ভূত হইয়াছে। ইহার প্রত্যেক স্তরে কত রত্ন রাজি সজ্জিত রহিয়াছে। যত দেখি ততই অন্তঃকরণে অদ্ভূত পুঞ্জ আনন্দ লহরী সমুত্থিত হয়। আশার অন্ত হয় না লোকে বলে, কিন্তু কোথায় তাহা কেহই—অনেকেই জানে না। আশা লতা আশার অতীত পথ অতিক্রম করিয়া প্রধাবিতা হয়, তাহার পবিত্র স্থল এই। রত্ন পরিমাণ আয়তন, আয়তন অতিক্রম করিলাম, আশার অন্ত হইল না। আবার প্রথমে আসিলাম, হঠাৎ দৃষ্ট হইল এ খানি প্রথম ভাগ। আশা আরো প্রবল হইল, আনন্দ লহরী হৃদয়ে উত্থিত হইল—" পত্র প্রেরক আর লিখিতে পারেন নাই, কারণ আনন্দের স্রোত এরূপ প্রবল বেগে প্রবাহিত হইতে থাকে যে উহার বেগ সম্বরণ করিতে না করিতে না পারিয়া তিনি ভূপতিত হন এবং তাহার দোয়াত কলম সমুদায় ভাসাইয়া লইয়া যায়। পত্র প্রেরক ঘোর বিপদ গ্রাস্থ হইয়া ছিলেন, সৌভাগ্য ক্রমে তিনি রক্ষা পাইয়াছেন।

জনেক রামপুরাবাসী—লিখিয়াছেন যে রামপুর বোয়ালিয়ায় প্রায় প্রতি পল্লিতে চুরি হইতেছে কিন্তু একটি চুরিরও অনুসন্ধান হইতেছেনা। পত্র প্রেরক এই নিমিত্ত অতিশয় বিরক্ত হইয়া পুলিশকে মনের সাধে গালি দিয়া গায়ের জ্বালা কতকটা মিটাইয়াছেন।

শ্রীরামসত্য মুখোপাধ্যায় হাসপুকুর, কালনা, বর্দ্ধমান—এক জন মুসলমান চিকিৎসক হকিমী পুস্তক হইতে পুরাতন জ্বরের একই উৎকৃষ্ট ঔষধ বাহির করিয়াছেন। ইহা সেবন করিয়া অনেক লোক আরোগ্য হইয়াছেন। কুক্সীম অর্থাৎ সচরাচর যাহাকে কুকুর সোঁক বলে এই বৃক্ষ পত্রের দেড় ছটাক সত্ব কিঞ্চিৎ শর্করা মিশ্রিত করিয়া জ্বর মগ্ন অবস্থায় উপর্য্যুপরি ৫। ৬ দিবস সেবন করিলে রোগী অবশ্যই আরোগ্য লাভ করিবে।

চট্টগ্রাম স্কুলের ৩য় শ্রেণী ছাত্র—পত্রের মর্ম্ম কিছুই বুঝিতে পারিলাম না।

A well-wisher, Burdwan—আপনি কাহার well-wisher? পত্রিকা খানির না বর্দ্ধমানের রাজার? ইহাদের যাহারই well-wisher হন আপনার পত্র খানি ছাপিলে কোন পক্ষের উপকার হইবেনা, বরং ক্ষতি হওয়ারই সম্ভাবনা।

☞ এই পত্রিকা কলিকাতা, বাগবাজার আনন্দ চন্দ্র চাটুর্য্যের গলি ২ নং বাটী হইতে প্রতি বৃহস্পতিবারে শ্রীচন্দ্র নাথ রায় দ্বারা প্রকাশিত হয়